তারিখ ..... 26 APR 2017
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 2 ...

যুগান্তর

বেসরকারি বিশ্ববিদ্যালয়

# দুই সেমিস্টার চালুর বিপক্ষে মালিকরা

**যুগান্তর রিপোর্ট**

বেসরকারি বিশ্ববিদ্যালয় (মালিক) সমিতি মঙ্গলবার জানিয়েছে, তিন সেমিস্টার প্রথা বাতিল করে দুই সেমিস্টার চালু করলে শিক্ষার্থীদের ব্যয় কমবে না, বরং বাড়বে। ছয় মাস মেয়াদি সেমিস্টারে শিক্ষকদের বেতন বাড়াতে হবে। এটা পুষিয়ে নিতে শিক্ষার্থীর টিউশন ফিও বাড়াতে হবে। গত মাসের মাঝামাঝি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে চালু থাকা তিন সেমিস্টার প্রথা বাতিল করে দুটি সেমিস্টার চালুর নির্দেশ দেয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এর পাঁচ সপ্তাহ পর বিশ্ববিদ্যালয় মালিকরা এই প্রতিক্রিয়া দিলেন।

এ প্রসঙ্গে সমিতির সভাপতি শেখ কবির হোসেন যুগান্তরকে বলেন, সরকার বাজেট তৈরির আগে স্টেকহোল্ডারদের সঙ্গে কথা বলে। কিন্তু ইউজিসি বিভিন্ন সময়ে যে নির্দেশনা দেয়, তার আগে স্টেকহোল্ডার হিসেবে আমাদের সঙ্গে ন্যূনতম কথাও বলে না। পদ্ধতি যদি ভালো হয় আর আলোচনা করে প্রবর্তন করা হয়, তাহলে তা বাস্তবায়নেও আনন্দ লাগে। তিনি বলেন, ৬ মাসে সেমিস্টার করলে শিক্ষকের বেতন বাড়াতে হবে। কেননা, আমরা অনেক সময়ে সেমিস্টারভিত্তিক শিক্ষক নিয়োগ করি। তাই সেমিস্টারে সময় বাড়লে বেতন বাড়বে। এটা টিউশন ফি থেকে নিয়েই দিতে হবে।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, তিন সেমিস্টার চালুর ব্যাপারে বলা হচ্ছে— কিছু বিশ্ববিদ্যালয় কোনো রকম সেমিস্টার শেষ করে কিংবা যতটুকু পড়ায় ততটুকুর ওপর পরীক্ষা নেয়। আমরা ওইসব বিশ্ববিদ্যালয়ের নাম জানতে চাই। ইউজিসির সঙ্গে ওই বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে ব্যবস্থা নিতে সমিতি ■ পৃষ্ঠা ৭ : কলাম ৩

## দুই সেমিস্টার চালুর

(৩য় পৃষ্ঠার পর)

সহায়তা করবে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে সমিতি জানিয়েছে, বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো ২৫ বছর ধরে বছরে তিন সেমিস্টার পদ্ধতিতে শিক্ষাদান করে আসছে। পদ্ধতিটি অত্যন্ত সফল ও পরীক্ষিত। সরকারের পক্ষ থেকে হঠাৎ করে প্রতিষ্ঠিত ও সফল একটি পদ্ধতিকে ভেঙে দুই সেমিস্টারের নির্দেশনা দেয়া আমাদের কাছে বোধগম্য নয়। এর ফলে শিক্ষার্থীদের খরচ কমবে বলে যে ধারণা দেয়া হচ্ছে সেটি প্রকৃত অর্থে বাস্তবসম্মত নয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর